

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ।
(ত্রাণ ও পুনর্বাসন শাখা)
www.sunamganj.gov.bd



স্মারক নং-৫১.০১.৯০০০.০০০.১৯.০৩২.২০- ২৫৯

তারিখ: ২৮/০৪/২০২১ খ্রি:

বিষয়: বজ্রপাতে আহত ও নিহত ব্যক্তির পরিবারকে জিআর ক্যাশ (টাকা) উপ-বরাদ্দ প্রদান প্রসঙ্গে।

সূত্র: উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দিরাই, সুনামগঞ্জ এর স্মারক নং-৫১.০১.৯০২৯.০০০.০৬.২০৬.২০-২৮১ তারিখ: ২৮/০৪/২০২১ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সুত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সুনামগঞ্জ জেলার দিরাই উপজেলায় ভাটিপাড়া ইউনিয়নের কালিয়াকোটা হাওড় এ অদ্য ২৮/০৪/২০২১ খ্রি: তারিখে আনুমানিক সকাল ০৭ ঘটিকায় ধান কাটতে গেলে আকস্মিক বজ্রপাতে উল্লেখিত ইউনিয়নের মধুরাপুর গ্রামের ০২ (দুই) সহোদর নিহত এবং অপর ০৩ (তিন) জন ব্যক্তি আহত হয়েছে। উক্ত নিহত ও আহত ব্যক্তিদের পরিবারকে মানবিক সহায়তা প্রদানের লক্ষ্যে জিআর ক্যাশ (নগদ) অর্থ হতে আর্থিক সহায়তা প্রদানের জন্য নিম্নোক্ত ছক মোতাবেক উপজেলা নির্বাহী অফিসার, দিরাই এর অনুকূলে নির্দেশক্রমে উপ-বরাদ্দ প্রদান করা হলো।

ক্রমিক নং	নিহত ও আহত ব্যক্তিদের বিবরণ	উপ-বরাদ্দকৃত অর্থ (টাকা)	মন্তব্য
১	নাম: ফখরুল ইসলাম পিতা: মৃত. আব্দুল মনাফ গ্রাম: মধুরাপুর, ইউনিয়ন: ভাটিপাড়া।	২০,০০০.০০	নিহত
২	নাম: ফজলুল করিম পিতা: মৃত. আব্দুল মনাফ গ্রাম: মধুরাপুর, ইউনিয়ন: ভাটিপাড়া।	২০,০০০.০০	নিহত
৩	নাম: হাবিব পিতা: মৃত. আব্দুল ওহাব গ্রাম: রফিনগর, ইউনিয়ন: রফিনগর।	৫,০০০.০০	আহত
৪	নাম: সাজনুর পিতা: মৃত. বুলু মিয়া গ্রাম: মধুরাপুর, ইউনিয়ন: ভাটিপাড়া।	৫,০০০.০০	আহত
৫	নাম: লাদেন মিয়া পিতা: মারুফ মিয়া গ্রাম: মধুরাপুর, ইউনিয়ন: ভাটিপাড়া।	৫,০০০.০০	আহত
সর্বমোট=		৫৫,০০০.০০	-

- উপ-বরাদ্দকৃত জিআর ক্যাশ (নগদ) টাকা “মানবিক সহায়তা কর্মসূচি নির্দেশিকা ২০১২-২০১৩” অনুসরণপূর্বক বিধি-বিধান পালন করে যথানিয়মে ব্যয়/বিতরণ করতে হবে।
- নিরীক্ষার জন্য প্রয়োজনীয় হিসাব সংরক্ষণ করতে হবে।
- উপজেলা নির্বাহী অফিসার তাঁর অনুকূলে জারিকৃত উপ-বরাদ্দ পত্রটি তাঁর ওয়েবসাইটে upload করবেন। এছাড়া উপজেলার তথ্য বাতায়নে সকল বরাদ্দপত্র upload করবেন।

উপজেলা নির্বাহী অফিসার
দিরাই, সুনামগঞ্জ।

২০০
২৪/০৪/২১
(মোহাম্মদ শফিকুল ইসলাম)
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
সুনামগঞ্জ।
ফোন: ০৮৭১-৬১৩৭৫

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

- মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
- পরিচালক (ত্রাণ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দিরাই, সুনামগঞ্জ।
- অফিস কপি।